

Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 01 June, 2025

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক সাবেক জিপি এ্যাডভোকেট বিকাশ কুমার ঘোষ ভারত থেকে ফেরার পথে দর্শনা ইমিগ্রেশনে স্ত্রী কন্যাসহ গ্রেফতারম হয়েছে।

আজ শনিবার (৩১ মে) বিকেল ৪ টা ১০ মিনিটে তাকে আটক করে দর্শনা থানায় সোপর্দ করে ইমিগ্রেশন পুলিশ।

দর্শনা ইমিগ্রেশনের ইনচার্জ এসআই রমজান আলী বিষয়টির সত্যতা নিশ্চিত করেছেন।

ইমিগ্রেশন সূত্র জানায়, গত ১৩ মে দর্শনা ইমিগ্রেশন দিয়ে স্ত্রী রুপা রাহত ও কন্যা অহনা ঘোষকে নিয়ে ভারতে গিয়েছিল এ্যাডভোকেট বিকাশ কুমার।

ইমিগ্রেশন সূত্র জানায়, গত ১৩ মে এ্যাডভোকেট বিকাশ কুমার ঘোষ স্ত্রী সন্তান নিয়ে দর্শনা চেকপোস্ট ইমিগ্রেশন দিয়ে ভারতে যান। ১৭ দিন ভারতে অবস্থানের পর শনিবার বিকাল ৫টার দিকে তিনি একই পথে দেশে ফিরে আসার পর দর্শনা ইমিগ্রেশন পুলিশ তাকে গ্রেফতার করে।

আলীগ নেতা বিকাশ কুমার ঘোষের বিরুদ্ধে ঝিনাইদহ থানায় মামলা থাকলেও তিনি জামিনে ছিলেন। তবে দর্শনা ইমিগ্রেশনে তিনি কালো তালিকাভুক্ত থাকায় তাকে গ্রেফতার করা হয় বলে ইমিগ্রেশনের কর্মকর্তারা জানান।

জানা যায়, বিকাশ কুমার ঘোষ আলীগের সাধারণ সম্পাদক ও এমপি আনার অপহরণ মামলার আসামী সাইদুল করিম মিন্টুর আস্থাভাজন ছিলেন। সেই সুবাদে তিনি অল্প বয়সে ঝিনাইদহ জেলা জজ আদালতের জিপি পদে নিয়োগ পান।

আইন কর্মকর্তা হয়ে বিকাশ কুমার ঘোষ আদালতে প্রভাব বিস্তার করে কালো টাকার পাহাড় গড়ে তোলেন। এর মধ্যে ঝিনাইদহ সদর উপজেলার মধুহাটা ইউনিয়নের মহামায়া গ্রামে হিন্দুদের কয়েকশ বিঘা অর্পিত সম্পত্তি জাল জালিয়াতির মাধ্যমে উচ্চ আদালত থেকে নিম্ন আদালতে স্থানান্তর করে প্রভাব খাটিয়ে সরকারের বিপক্ষে রায় বাগিয়ে নেন।

ঝিনাইদহ ইমিগ্রেশন

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/3206775807>